

নবীন বিশ্ববিদ্যালয় হিসেবে শিক্ষা-গবেষণায় যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) অর্জন ঈর্ষণীয় বলে মন্তব্য করেছেন উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন। যবিপ্রবি দিবস-২০২১ উপলক্ষে গতকাল সোমবার প্রশাসনিক ভবনের সম্মেলনক্ষেত্রে আয়োজিত অনলাইন সেমিনারে এ মন্তব্য করেন তিনি। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-গবেষক ড. মো. জাবেদ হোসেন খান, ড. ইমরান খান ও ড. আমিনুল ইসলাম তাঁদের গবেষণার ক্ষেত্র এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এর আগে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির কর্মসূচি শুরু করা হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ১৪তম দিবস উপলক্ষে বিভিন্ন ভবনের সামনে ফলদ, বনজ ও ঔষধি গাছের ১৪টি চারা রোপণ করা হয়েছে। করোনার কারণে সংক্ষিপ্ত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে এবারের বিশ্ববিদ্যালয় দিবস পালন করা হয়।